

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 03 April, 2025

সাপ্তাহিক ছুটির দিন আজ শুক্রবারও ভালো নেই রাজধানী ঢাকার বায়ু। বাতাসের মান সূচকে ঢাকার বায়ুর স্কের ছিল ১৫১। যা 'অস্বাস্থ্যকর' বলে বিবেচিত। বিশ্বে দূষিত বায়ুর শহরের তালিকায় আজ ঢাকা রয়েছে ৭ নম্বরে।

শুক্রবার (৪ এপ্রিল) সকাল ৮টায় সুইজারল্যান্ডভিত্তিক বায়ুমান বিষয় ওয়েবসাইট আইকিউএয়ারে এ তথ্য পাওয়া গেছে।

এই মুহূর্তে বিশ্বে বায়ুদূষণের শীর্ষে রয়েছে নেপালের কাঠমান্ডু (স্কের ২৩২)। অর্থাৎ সেখানকার বাতাস খুবই অস্বাস্থ্যকর। দ্বিতীয় অবস্থানে রয়েছে ভারতের দিল্লি। এই শহরটির দূষণ স্কের ২০৭ অর্থাৎ এই শহরের বায়ুও খুবই অস্বাস্থ্যকর পর্যায়ে রয়েছে। তৃতীয় তালিকায় রয়েছে ভিয়েতনামের হ্যানয় (স্কের ১৬২) যা অস্বাস্থ্যকর। চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ স্থানে রয়েছে যথাক্রমে চীনের বেইজিন (১৫৭), থাইল্যান্ডের চিয়ান মাই (১৫৪) এবং ইন্দোনেশিয়ার বাতাম (১৫২)।

একটি শহরের বাতাস কতটা নির্মল বা দূষিত, তার লাইভ বা তাৎক্ষণিক সূচক জানিয়ে থাকে সুইজারল্যান্ডভিত্তিক প্রতিষ্ঠান আইকিউ এয়ার। প্রতিষ্ঠানটির মানদণ্ড অনুযায়ী, স্কের শূন্য থেকে ৫০-এর মধ্যে থাকলে বায়ুর মান ভালো বলে বিবেচিত হয়।

আর ৫১ থেকে ১০০ হলে মাঝারি বা সহনীয় ধরা হয় বায়ুর মান। সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর হিসেবে বিবেচিত হয় ১০১ থেকে ১৫০ স্কের। ১৫১ থেকে ২০০ পর্যন্ত অস্বাস্থ্যকর হিসেবে বিবেচিত হয়। স্কের ২০১ থেকে ৩০০ হলে খুবই অস্বাস্থ্যকর বলে বিবেচনা করা হয়। এ ছাড়া ৩০১-এর বেশি হলে তা দুর্যোগপূর্ণ বলে বিবেচিত হয়।

বায়ু দূষণ ঢাকার খবর রাজধানীর খবর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:47

URL: <https://timestodaybd.com/bangladesh/775807281>